৬১

দৈনিক খবর

তারিখ .. 05 MAR 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ২ ...

৬

# শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাসীদের হটানো সরকারের একার পক্ষে সম্ভব নয়

## খালেদা জিয়া

বাসসঃ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, বিশ্ববিদ্যালয় অঙ্গনে সন্ত্রাসী কার্যকলাপ রোধ এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষাকল্পে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ, শিক্ষক ও প্রভোস্টদের আরও অধিক দায়িত্ব পালন করতে হবে।

বেগম জিয়া গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট প্রতিনিধি দলের সাথে কথা বলছিলেন। সিন্ডিকেটের নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের ভিসি মোহাম্মদ আশরাফ আলী খান। সিন্ডিকেট সদস্যরা প্রধানমন্ত্রীর দপ্তরে তার সাথে সাক্ষাৎ করেন।

প্রধানমন্ত্রী বলেন, সরকারের দ্বারা একা শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাসীদের বিতাড়িত করা সম্ভব নয়। বিশ্ববিদ্যালয় শৃংখলা কমিটিকে সন্ত্রাসীদের বিরুদ্ধে কার্যকরী পদক্ষেপ নিতে হবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ছাত্ররা যাতে মূল্যবান সময় অপচয় করতে না পারে সে জন্যে তাদের শিক্ষা ও সাংস্কৃতিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত করতে আহবান জানান। সিন্ডিকেট সদস্যরা প্রধানমন্ত্রীকে গত ২৩শে জানুয়ারীর ঘটনা সম্পর্কে অবহিত করেন। সে দিনের সন্ত্রাসী ঘটনায় একজন ছাত্র প্রাণ হারায়।

তারা প্রধানমন্ত্রীকে কয়েক বছরের জন্যে ক্যাম্পাসে ছাত্র রাজনীতি বন্ধ ও ছাত্রদের আবাসিক হলগুলোতে সশস্ত্র প্রহরার ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেন।

এ কে এম ফজলুল হক এমপি এ সময় উপস্থিত ছিলেন।